




পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার সম্পর্কিত নির্দেশনা




প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসাবে বিরাজ করছে। এ প্রেক্ষাপটে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে অন্যতম হচ্ছে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধস্তন দপ্তর/সংস্থাসমূহকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহারে নিরুৎসাহিত করা। এরই ধারাবাহিকতায় সিঙ্গেল ইউজ প্লাস্টিক ক্রমান্বয়ে বন্ধ করার (Phase out) লক্ষ্যে কঠিন বর্জ্য বিধিমালা, ২০২১ এর বিধি-৯ এর আলোকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮/০৮/২০২৪ খ্রি. তারিখ সরকার কর্তৃক জারি করা হয়েছে।

বিদ্যমান প্রেক্ষাপটে সকল দপ্তর/সংস্থায় তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধ করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রীর পরিবর্তে নিম্ন-লিখিত বিকল্পের প্রস্তাবনা করেছে যা আপনার মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধস্তন দপ্তর/সংস্থাসমূহকে অবহিত করা আবশ্যিক:

- ক) প্লাস্টিকের ফাইল বা ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশ বান্ধব অন্যান্য সামগ্রীর ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
- খ) প্লাস্টিকের ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
- গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
- ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরী ব্যানার ব্যবহার করা;
- ঙ) দাওয়াত পত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিক লেমিনেটেড পরিহার করা;
- চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;
- ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটিলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;
- জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেন্সিল/কাগজের কলম ব্যবহার করা;
- ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা;
- ঞ) ফুলের তোড়া (Flower Bouquet) -তে প্লাস্টিকের/পলিথিনের ব্যবহার বন্ধ করা।

বর্ণিতাবস্থায়, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে জরুরি পদক্ষেপ হিসাবে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধ ও প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারে নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করছি।

সবাই মিলে প্লাস্টিক দূষণ রোধ করি
বর্তমান ও আগামী প্রজন্মের জন্য টেকসই পরিবেশ গড়ি।



পরিবেশ অধিদপ্তর, গোপালগঞ্জ জেলা কার্যালয়

১২৬, কলেজ মসজিদ রোড, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ